# বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

**www.barcouncil.gov.bd**

নং-বিবিসি/এনরোল/২০২২/এইচ.সি.রি.ভা./১৮৮১ তারিখঃ ০৫-০৭-২০২২ইং

## ক্যাজুয়্যাল প্রার্থীগণের হাইকোর্ট পারমিশন মৌখিক পরীক্ষার অনলাইন ফরম পূরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা স্মারক নং-বিবিসি/এনরোল/২০২২/১৪৪৬, তারিখঃ ১৪-০৬-২০২২ইং, No. BBC/ES-2022/1502, Date: 21-06-2022 এবং স্মারক নং-বিবিসি/এনরোল/২০২২/১৫০৫, তারিখঃ ২১-০৬-২০২২ইং, মূলে জারিকৃত বিজ্ঞপ্তিসমূহের ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ বার কাউন্সিল বিধি ৬৫(৪) অনুযায়ী হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষায় একবার উত্তীর্ণ প্রার্থীগণ যাহারা ২য় ও সর্বশেষবারের মতো মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী (তথা ২৩-১২-২০১৭ইং তারিখে অনুষ্ঠিত হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও তৎপরবর্তী মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ/অংশগ্রহণে ব্যর্থ প্রার্থী, যাহারা এই বিজ্ঞপ্তিতে সর্বত্র 'ক্যাজুয়্যাল প্রার্থী' হিসাবে উল্লিখিত) ক্যাজুয়্যাল প্রার্থীগণের **মৌখিক পরীক্ষা আগামী আগস্ট মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হইবে।**

মৌখিক পরীক্ষায় অংশগহণের উপযুক্ত ক্যাজুয়্যাল প্রার্থীগণকে ২৩-১২-২০১৭ইং তারিখে অনুষ্ঠিত হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষার রোল নম্বর এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর ও সাল নির্ধারিত ওয়েব সাইটের নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করিয়া অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগ্রামে ফরম পূরণ প্রক্রিয়া শুরু করিতে হইবে। কেবলমাত্র ২৩-১২-২০১৭ইং তারিখের হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষার সংশ্লিষ্ট প্রার্থীগণই অনলাইন ডাটাবেইজে নিজ নিজ ফরম পূরণ প্রক্রিয়া শুরু এবং সম্পন্ন করিতে পারিবেন। ইহা ভিন্ন পূর্ববর্তী অন্য কোনো লিখিত পরীক্ষার প্রার্থীর তথ্য অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগামে অন্তর্ভুক্ত থাকিবে না।

মৌখিক পরীক্ষার অনলাইন ফরম পূরণ কার্যক্রম আগামী ০৭-০৭-২০২২ইং হইতে ২০-০৭-২০২২ইং তারিখ পর্যন্ত অনলাইনে (**http://bar.teletalk.com.bd** অথবা **www.barcouncil.gov.bd**) চলমান থাকিবে। উল্লিখিত লিংকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ধাপে ধাপে অনলাইনে প্রদর্শিত ফিল্ডসমূহ পূরণ করিয়া আবেদন দাখিল করার পর তাৎক্ষনিকভাবে প্রাপ্ত **অ্যাপ্লিক্যান্ট কপি** প্রিন্ট করিয়া নিতে হইবে এবং যে কোনো একটি টেলিটক প্রি-পেইড মোবাইল হইতে পরীক্ষার নির্ধারিত ফি জমা করিতে হইবে। সফলভাবে ফি জমা হইলে প্রার্থীগণের মোবাইলে এসএমএস এর মাধ্যমে নিশ্চিতকরণ বার্তা এবং পাসওয়ার্ড সরবরাহ করা হইবে।

পরীক্ষার ফরম পূরণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে নিজস্ব একটি সচল মোবাইল নম্বর ব্যবহার করিয়া ফরম পূরণের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে। উক্ত নির্দিষ্ট নম্বরটি পরীক্ষার সম্পূর্ণ প্রক্রিয়াকালে সচল রাখিতে হইবে। উক্ত নম্বরে ফরম পূরণ, পরীক্ষার ফি জমা হওয়া প্রভৃতি বিষয়ে সময়ে সময়ে এসএমএস দেওয়া হইবে। উল্লেখ্য, একটি নির্দিষ্ট টেলিটক নম্বর [১৬২২২ এবং ০১৫৫০১৫৫৫৫৫] হইতে পেমেন্ট নিশ্চিতকরণ বার্তা, ইউজার আইডি, পাসওয়ার্ড প্রভৃতি তথ্য পরীক্ষার্থীদের স্ব স্ব মোবাইল নম্বরে প্রেরণ করা হইবে।

**অনলাইন ফরম পূরণ প্রক্রিয়ায় প্রার্থীগণকে নিজ নিজ অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা/ডিগ্রী'র ফলাফলসমূহ [এসএসসি/সমমান হইতে শুরু করিয়া এলএলবি/বার-এট-ল'সহ সর্বশেষ অর্জিত শিক্ষাগত ডিগ্রী পর্যন্ত ১ম/২য়/৩য় বিভাগ/শ্রেনী/সিজিপিএ/গ্রেড-যেখানে যাহা প্রযোজ্য] সংশ্লিষ্ট সনদ/নম্বরপত্র/গ্রেড শীট অনুযায়ী সতর্কতার সহিত অনলাইন অ্যাপ্লিকেশন ফরমের নির্ধারিত ফিল্ডে সঠিক ও নির্ভুলভাবে উল্লেখ/এন্ট্রি করিতে হইবে। ডিগ্রী অর্জনের সনসহ ফলাফল উল্লেখে কোনো প্রকার ভুলভ্রান্তি গ্রহণযোগ্য হইবে না এবং তদ্রুপক্ষেত্রে আবেদন বাতিল হইবে। উল্লেখ্য, অনলাইন ফরম পূরণের সময়ে কোনো তারিখ (যথা জন্মতারিখ/ এনরোলমেন্ট তারিখ প্রভৃতি) উল্লেখ করার ক্ষেত্রে সরাসরি টাইপ না করিয়া স্ক্রীনে প্রদর্শিত ড্রপ ডাউন মেনু ব্যবহার করিয়া দিন, মাস, বছর ইত্যাদি সিলেক্ট করিয়া নির্দিষ্ট তারিখটি এন্ট্রি দিতে হইবে। অনলাইন ফরমের নির্ধারিত ফিল্ডে প্রার্থীর পাসপোর্ট সাইজ স্ক্যানকৃত ছবি এবং স্বাক্ষর নির্দেশনা অনুযায়ী প্রদান করিতে হইবে।**

অনলাইন ফরম পূরণের শেষ ধাপে ক্যাজুয়্যাল পরীক্ষার্থীগণ পরীক্ষার ফি বাবদ সর্বমোট ২,১৬০/- টাকা যে কোনো একটি টেলিটক প্রি-পেইড নম্বর হইতে জমা করিবেন। সফলভাবে পরীক্ষার ফি প্রদানের পরই দরখাস্ত চূড়ান্তভাবে দাখিল হইয়াছে মর্মে নিশ্চিত হওয়া যাইবে। ফি প্রদানের পদ্ধতি নিম্নে উল্লেখ করা হইলঃ

প্রার্থীগণকে একটি টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হইতে ২টি এসএমএস প্রেরণ করিতে হইবে। এসএমএস ফরম্যাট নিম্নরূপঃ

**1st SMS:**

BAR<space>USER ID and send to 16222

Reply: Applicants Name, Candidate's Type and PIN

**2nd SMS:**
BAR<space>YES<space>PIN and send to 16222
Reply: Congratulations, Confirmation of payment with USER ID & PASSWORD

N.B: Please preserve the USER ID and PASSWORD carefully for future use.

এসএমএস ২টি প্রেরণের পর পূর্বোল্লিখিত নির্দিষ্ট টেলিটক নম্বর [১৬২২২ এবং ০১৫৫০১৫৫৫৫৫] হইতে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সহিত সংরক্ষন করিতে হইবে। পরবর্তীতে **অ্যাডমিট কার্ড, 'রি-অ্যাপিয়্যার' ফরম** প্রভৃতি সংগ্রহের জন্য উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রয়োজন হইবে।

আগামী ২৫-০৭-২০২২ইং হইতে ৩১-০৭-২০২২ইং তারিখের মধ্যে ক্যাজুয়্যাল প্রার্থীগণের জন্য নির্ধারিত 'রি-অ্যাপিয়্যার' ফরম পূর্বোল্লিখিত লিংক হইতে ডাউনলোড ও প্রিন্ট করিয়া লইবেন। অতঃপর প্রিন্টকৃত ফরমের সাথে ২৩-১২-২০১৭ইং তারিখের হাইকোর্ট পারমিশন লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি, সাম্প্রতিক সময়ের তিন কপি স্টুডিও প্রিন্ট পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করিবেন (অনলাইন ফরম পূরণে যে ছবি স্ক্যান করিয়া প্রার্থীগণ আপলোড করিবেন সেই একই ছবি দিতে হইবে। **প্রার্থীর ছবির ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ছবির আনুষ্ঠানিক মানদন্ড বজায় রাখিতে হইবে। সেলফি ছবি গ্রহণযোগ্য হইবে না**)। স্ব স্ব প্রিন্টকৃত ফরমের সাথে ('রি-অ্যাপিয়্যার' ফরম) চাহিত কাগজাদি সংযুক্ত করিয়া **আগামী ২৫-০৭-২০২২ইং তারিখ হইতে ৩১-০৭-২০২২ইং তারিখ পর্যন্ত বার কাউন্সিল অফিসে জমা প্রদান করিবেন।**

**চাহিত নথিসমূহ বাধ্যতামূলকভাবে ডাউনলোডকৃত ফরমের সাথে সংযুক্ত করিয়া বার কাউন্সিল অফিসে দাখিল করিতে হইবে। ইহার কোনোরূপ ব্যতিক্রম হইলে সংশ্লিষ্ট প্রার্থীর ফরম গ্রহণ করা হইবে না।**

**অনলাইনে ফরম পূরণের সর্বশেষ তারিখঃ ২০-০৭-২০২২ইং রাত ১১:৫৯ মিনিট।**

**ডাউনলোড ও প্রিন্টকৃত 'রি-অ্যাপিয়্যার' ফরম (সংযুক্ত নথিপত্রসহ) বার কাউন্সিল অফিসে জমা প্রদান করিত হইবেঃ ২৫-০৭-২০২২ইং হইতে ৩১-০৭-২০২২ইং তারিখ পর্যন্ত।**

**মৌখিক পরীক্ষার বিস্তারিত শিডিউল এবং অ্যাডমিট কার্ড অনলাইন হইতে সংগ্রহের বিষয়ে যথাসময়ে জানানো হইবে।**

পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (**www.barcouncil.gov.bd**) প্রকাশ করা হইবে।

আদেশক্রমে,

BANGLADESH BAR COUNCIL DHAKA

(মোঃ আফজাল-উর রহমান)
ভারপ্রাপ্ত সচিব
বাংলাদেশ বার কাউন্সিল